রোল নং0

006

মুদ্রিত পৃষ্ঠোঁ কী সংখ্যা : 5

206(HHD)

সময় : 3 ঘংটে
সময়- ৩ ঘন্টা

# 2025

পূর্ণাংক : 80
পূর্ণমান- ৮০

# বংগালী

**নির্দেশ: - নীচের প্রশ্নগুলির পরিমিত ও যথাযথ উত্তর দাও। নির্ভূল উত্তর,শুদ্ধ বানান ও পরিস্কার পরিছন্ন লেখা একান্ত বান্ছনীয়। এই প্রশ্নপত্র চার বিভাগে বিভক্ত। চারটি বিভাগের প্রত্যেকটি প্রশ্নের উত্তর দেওয়া অনিবার্য। প্রত্যেকটি প্রশ্নের নির্ধারিত অঙ্ক তাহার সম্মুখে অঙ্কিত।**

## বিভাগ- 'ক' বোধ পরীক্ষন (Reading Comprehension)

(1). নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও: 1x4=4

আমরা যেরুপ আহার করি, গাছ ও সেরুপ আহার করে। আমাদের দাঁত আছে, আমরা কঠিন জিনিস খাইতে পারি। ছোট ছোট শিশুদের দাঁত নাই,তাহারা কেবল দুধ খায়। গাছের ও দাঁত নাই, সুতরাং তাহারা কেবল জলীয় দ্রব্য কিংবা বাতাস হইতে আহার গ্রহন করিতে পারে। মূল দ্বারা মাটি হইতে গাছ, রস শোষণ করে, মাটিতে জল ঢালিলে মাটির ভিতর অনেক জিনিস গলিয়া যায়। গাছ, সেইসব জিনিস আহার করে। গাছের গোড়ায় জল না দিলে গাছের আহার বন্ধ হইয়া যায় ও গাছ মরিয়া যায়। অনুবীক্ষণ যন্ত্র দ্বারা পরীক্ষা করিলে দেখা যায় গাছের মধ্যে হাজার হাজার নল আছে। এই সব নল হইতে গাছের শরীরে রস প্রবেশ করে।

(i). অনুবীক্ষণ যন্ত্র দ্বারা পরীক্ষা করিলে কী দেখা যায়?
(ii). 'গাছের' গোড়ায় জল না দিলে কী হয়?
(iii). 'পরীক্ষা' বা 'শরীর' শব্দ দিয়ে একটি বাক্য লেখ?
(iv). 'বাতাস' শব্দের সমার্থক শব্দ লেখ?

(2). নীচের অনুচ্ছেদটি পাঠ করে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও:

ইংরেজি সাহিত্যের ইতিহাসে সকল যুগের,সর্বশ্রেষ্ঠ কবিদের একজন উইলিয়াম ওয়ার্ডস ওয়াথের জীবন দীর্ঘ এবং ফলপ্রসূ ছিল। তিনি ১৭৯১ সালে স্নাতক হন। একজন কবির পেশা তার সমস্ত শক্তি এবং সময় সাহিত্য সাধনায় নিয়োজিত করা এবং তার মিশনের সাফল্যের অনেকটাই ধাণী তার বোন, ডরোথি, চিরকাল থাকবে, তার আজীবন সহচর এবং সহকারী। ১৭৯৭ সালে এসটি কোলরিজের সাথে বৈঠক তার জীবনে অত্যন্ত গুরুত্বপূর্ন প্রমানিত হয়েছিল।

এটি তাদের অন্তরঙ্গ বন্ধুত্বের দিকে পরিচালিত করে এবং ১৭৯৮ সালে গীতিমূলক ব্যালাডস এর যৌথ প্রকাশনা যা ইংরেজি সাহিত্যে রোমান্টিক যুগের সূচনা করে।এর দ্বিতীয় সংস্করনের জন্য ওয়ার্ডসওয়ার্থ লিখেছেন তার বিখ্যাত 'প্রস্তাবনা' যেখানে তিনি সাধারনভাবে কবিতার প্রকৃতি ও প্রভাব সম্পর্কে কথা বলেছেন এবং বিশেষ করে নতুন কবিতার কথা তিনি পাঠকদের সামনে নিয়ে এসেছেন।

(I). উইলিয়াম ওয়াডসওয়ার্থ কত সালে স্নাতক হন- 1

(ক) ১৭৯১ (খ) ১৮৯১ (গ) ১৯৭১ (ঘ) ১৬৯১

(ii). ১৭৯৭ সালে এসটি কেলরিজের সাথে ওয়ার্ডসওয়ার্থের বৈঠক গুরুত্বপূর্ন প্রমানিত হয়েছিল শেন? 2

(iii). 'পেশা' শব্দের একটি সমার্থক শব্দ লেখ? 1

(3). নীচের অনুচ্ছেদটি পাঠ করে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও: 1x4=4

বাংলা ১৩৩০ বঙ্গাব্দের গ্রীষ্মাবকাশে রবীন্দ্রনাথ যখন শিলঙে বাস করছিলেন, সেই সময় 'যক্ষপুরী' নাম দিয়ে একটি নাটক রচনা করেন। বাংলা ১৩৩৩ এর ডিসম্বরে 'রক্তকবরী' নামে ওই নাটকই গ্রন্হাকারে প্রকাশিত হয়। এই নাটকের নায়ক যক্ষপুরীর অধিপতি একটি জটিল জলের আবরনে বাস করেন। একই স্থানে ঘন ঘন নানা চরিত্রের আগমন ও কথোপকথনের মধ্যে দিয়ে ঘটনাধারা, বর্তমান। রবীন্দ্রনাথ নিজেই 'প্রস্তাবনায়' নাটকটির দ্বন্দ্বের ইঙ্গিত করেছেন। কর্ষণজীবী সভ্যতার সঙ্গে আকর্ষণজীবী, সভ্যতার দ্বন্দ্বই নাটকের মূল কথা। কর্ষণজীবী সভ্যতার প্রতিনিধি হল 'নন্দিনী'। এই দুই পক্ষের দ্বন্দ্বের মধ্যে নন্দিনী কিভাবে আপন প্রভাব বিস্তার করে রাজাকে উদ্ধার করল এবং প্রাণহীন যক্ষপুরীতে সৌন্দর্য, আনন্দ ও প্রাণের প্রবাহ নিয়ে এল এ নাটকে সেই কথাই বলা হয়েছে।

(i). রবীন্দ্রনাথ শিলঙে বাস করা কালীন কোন নাটকটি রচনা করেন?

(ii). ১৩৩৩ এর ডিসম্বরে 'যক্ষপুরী' নাটকটি কোন নামে গ্রন্হাকারে প্রকাশিত হয়?

(iii). কর্ষনজীবী সভ্যতার প্রতিনিধি কে ছিল?

(ক) নন্দিনী (খ) তারা (গ) মায়া (ঘ) ইন্দু

(iv). যক্ষপুরী নাটকে কোন দুটি সভ্যতার কথা বলা হয়েছে?

## বিভাগ- 'খ' (WRITING)

(4). দৈনিক সংবাদপত্র পড়ার গুরুত্ব সম্পর্কে আপনার ছোট ভাইকে একটি চিঠি লিখুন। 6

অথবা

আপনার এলাকায় জলবদ্ধতার কারণে অসুবিধাগুলি বর্ণনা করে দৈনিক সংবাদপত্র সম্পাদককে একটি চিঠি লিখুন।

(5). নীচে প্রদত্ত যে কোন একটি বিষয়ের উপর ১৫০ শব্দের মধ্যে একটি অনুচ্ছেদ রচনা কর। 6

১. যৌতুক প্রথা (যৌতুক প্রথা কী -এর কুফল-আমাদের দায়িত্ব)
২. আমাদের জীবনে কম্পিউটার (কম্পিউটার কী-আমাদের জীবনে এর গুরুত্ব এর সুফল ও কুফল)
৩. স্ত্রীশিক্ষা (স্ত্রীশিক্ষা বলতে কী বোঝায়-বর্তমানে স্ত্রীশিক্ষার গুরুত্ব)

## বিভাগ- 'গ' ব্যাকারন (Grammar)

(6). নীচে প্রদত্ত সন্ধি সম্পর্কিত প্রতিটি প্রশ্নের সাথে তিনটি করে উত্তর রয়েছে, সঠিক উত্তরটি বেছে লেখ: 1x4=4

(i). 'অন্যান্য' শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে হবে-
(ক) অন+অন্য (খ) অন্য+অন্য (গ) অনু+অন্য

(ii). 'স্বেচ্ছা' শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে হবে-
(ক) স্ব+ইচ্ছা (খ) স+ইচ্ছা (গ) স্বে+ইচ্ছা

(iii). 'স্নান+আগার' এর সন্ধিবদ্ধ পদটি হবে-
(ক) স্নানাগার (খ) স্নানগার (গ) স্নানাআগার

(iv). 'পৃথ্বী+ঈশ্বর'এর সন্ধিবদ্ধ পদটি হবে-
(ক) পৃথ্বিশ্বর (খ) পৃথ্বীশ্বর (গ) পৃথ্বীবীশ্বর

(7). প্রদত্ত বিকল্পগুলি থেকে সমাসের সঠিক উত্তরটি নির্বাচন কমরা- (যে কোন চারটি): 1x4=4
(ক) উপকূল=কূলের সমীপে কোন সমাস?
(খ) প্রতিগৃহ=গৃহে গৃহে কোন সমাস?
(গ) নীলোৎপল=নীল যে উৎপল কোন সমাস?
(ঘ) মহারাজ=মহান যে রাজা কোন সমাস?
(ঙ) রাজা উজির=রাজা ও উজির কোন সমাস?

(8). নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন করো? 1x4=4
(i) 'আমি মরিতে ভীত নই।' (যৌগিক বাক্যে)

(ii). 'তুমি না গেলে আমি যাব।' (যৌগিক বাক্যে)
(iii). 'আগে কী ঘটিয়াছে তাহা সে দেখে নাই'। (সরল বাক্যে)
(iv). 'স্বামী বিবেকানন্দ পরম দেশপ্রেমিক,একথা সকলে স্বীকার করেন'-(জটিল বাক্যে)

(9). নীচে সাধুভাষায় দেওয়া রচনাংশটিকে চলিত ভাষায় রূপান্তরিত কর: 4
'পুত্রকে ক্রোড়ে লইয়া তাহার মুখচুম্বন করিয়া সর্ব শরীর শীতল করিব; পুত্রের অর্দ্ধ-বিনির্গত দন্তগুলি অবলোকন করিয়া নয়নযুগলের সার্থকতা সম্পাদন করিব; এবং অর্ধোচ্চারিত মৃদু মধুর বচন পরম্পরা শ্রবনে শ্রবণে ইন্দ্রিয়ের চরিতার্থতা লাভ করিব; এ জন্মের মতন আমার সে আশালতা নির্মূল হইয়া গিয়াছে'

## বিভাগ- 'ঘ' গদ্যাংশ (Literature) (Prose)

(10). নীচে দেওয়া প্রতিটি প্রশ্নের সাথে তিনটি করে উত্তর দেওয়া রয়েছে, সঠিক উত্তরটি বেছে লেখ: 1x6=6

(i). আমার ওরা সইলো না-কেউ' গানটি গাইছিলেন-
(ক) কুকুরটি মারা যাওয়ার পর
(খ) ঘড়ি চুরি যাওয়ার পর
(গ) চাকরি যাওয়ার পর

(ii). 'ওরা ভয়ে কাঠ হয়ে গেল।' ওদের ভয় পাওয়ার কারন-
(ক) জামা ছিঁড়ে যাওয়া
(খ) শাস্তি পাওয়া
(গ) বাবার হাতে মার খাওয়া

(iii). বাইজির ছদ্মবেশে হরিদার রোজগার হয়েছিল-
আট টাকা দশ আনা। (সত্য/অসত্য)

(iv). তপন প্রথমটা ভাবে ঠাট্টা,কিন্তু যখন দেখে মেসোর মুখে করুণার ছাপ,তখন আহ্লাদে...........হয়ে যায়।-
(ক) আনন্দিত (খ) দুঃখিত (গ) কাঁদো কাঁদো

(v). 'অদল-বদল' গল্পে যে দুই বন্ধুর কথা রয়েছে, তাদের নাম কী?
(vi). নকল পুলিশকে ঘুষ দিয়েছিলেন-
(ক) জগদীশবাবু (খ) ড্রাইভার কাশীনাথ (গ) স্কুলের মাস্টার মশাই

(11). নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও: (যে কোন পাঁচটি) 2x5=10
(i). 'রত্নের মূল্য জহুরীর কাছেই।'-কথাটির অর্থ কী?

(ii). বহুরূপী গল্পের প্রধান চরিত্র হরিদা কোন সাজ সেজে বেশী আয় করেছিলেন?

(iii). 'চেহারা অব্যশ্য নামের উপযুক্ত নয়।'-কার কথা এখানে বলা হয়েছে? তার চেহারা নামের উপযুক্ত নয় কেন?

(iv). 'ভয়ে অমৃতের বুক টিপটিপ করছিল।' অমৃতের ভয় পাওয়ার কারন কী?

(v). 'আপনি কি ভগবানের চেয়েও বড়ো'? কথাটি বক্তা কেন বলেছেন?

(vi). তপনের বয়সি আর পাঁচটা ছেলে মেয়ের লেখার সঙ্গে তপনের লেখার তফাত কী?

## পদ্যাংশ (Poetry)

(12). নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও: (যে কোন পাঁচটি): 2x5=10

(i). 'তিন পাহাড়ের কোলে' কবিতায় তিন জোড়া চোখ বলতে কার কথা বলা হয়েছে?

(ii). 'আমাদের পথ নেই কোনো,আমাদের ঘর গেছে উড়ে।' কোন পরিস্থিতিতে কবি একথা বলেছেন এবং এখান থেকে তিনি কোন পথ খুঁজে পেয়েছেন?

(iii). 'একাকারে' কবিতায় কবি কোথায় নতজানু হওয়ার কথা বলেছেন? কবি নতজানু হয়ে কী করতে বলেছেন?

(iv). 'আমাদের শুধু একটা কোকিল'-

(ক) কার লেখা কোন কবিতার অন্তর্গত?

(খ) কথাটির তাৎপর্থ বিশ্লেষণ করো?

(v). 'গানের বর্ম আজ পরিয়ে গায়ে' বক্তা কে এবং কোন প্রসঙ্গে এই কথাটি বলা হয়েছে?

(vi). 'বেঁধে বেঁধে থাকি' বলতে কবি শঙখ ঘোষ কী বোঝাতে চেয়েছেন?

## (Supplementary Reader) 1x4=4

(13). (i)'পোস্টমাস্টার' গল্পটি কোন গল্প গ্রন্থের অন্তর্গত?

(ii) 'ও ছেলে মানুষ, ওকে মাফ করো' উক্তিটির বক্তা কে?

(iii) 'আমি সদর খাজনা লুট করাইয়া, তোমার সম্পত্তি নিলাম করাইয়াছিলাম।' উক্তিটির বক্তা কে?

(ক) রাধামুকুন্দ (খ) মনিহারা (গ) গোপাল (ঘ) দয়াল

(iv) মিনুর বাবা পেশায় শিক্ষক ছিলেন। (সত্য/অসত্য)

(14). নীচে দেওয়া প্রশ্নগুলির উত্তর দাও- (যে কোন পাঁচটি) 2x5=10

(i) 'সেই মুহূর্তে সে জননীর পদ অধিকার করিয়া বসিল' কে, কার জননীর পদ অধিকার করেছিল?

(ii). রহমতের সাথে মিনির বন্ধুত্ব কীভাবে গড়ে ওঠে?

(iii). গোবিন্দলাল কীভাবে তার ভুল বুঝতে পারে?

(iv). 'দান প্রতিদান' গল্পে ত্যাগের গুরুত্ব কীভাবে প্রকাশ পেয়েছে?

(v). পোস্টমাস্টার গ্রাম থেকে চলে যেতে চেয়েছিলেন কেন?

(vi). 'কাবুলিওয়ালা' গল্পে মিনি কোন ধরনের চরিত্রের প্রতিনিধি?